

প্যাপ টেস্ট

প্যাপ টেস্ট কি

প্যাপ টেস্ট (Pap test) বা প্যাপ স্মিয়ার (Pap smear) দ্বারা সার্ভিক্সের কোষগুলির কোন পরিবর্তন হয়েছে কিনা তা পরীক্ষা করা হয়। সার্ভিক্স গর্ভাশয়ের নিম্নাংশ যার প্রান্তে স্ত্রীযোনি থাকে। এই পরীক্ষায় ক্যান্সারের কোষ কিংবা যে সব কোষ ক্যান্সারে রূপান্তরিত হতে পারে তা ধরা পড়ে।

মহিলাদের কবে থেকে প্যাপ টেস্ট শুরু করে দেওয়া উচিত?

সব মহিলাদের স্ত্রীযোনি দিয়ে প্রথম যৌনসঙ্গমের 3 বছরের মধ্যে প্রতিটি মহিলার প্যাপ টেস্ট করানো উচিত। 21 বছর বয়স হওয়ার মধ্যে সব মহিলার প্যাপ টেস্ট করানো শুরু করে দেওয়া উচিত।

প্যাপ টেস্ট কিভাবে করা হয়?

- ডাক্তার বা নার্স সার্ভিক্স দেখার জন্য স্ত্রীযোনিতে স্পেকুলাম ঢুকিয়ে দেন।
- ডাক্তার বা নার্স সার্ভিক্স -এর ভেতর ও বাইরে থেকে কোষের স্যাম্পল সংগ্রহ করেন।

কিভাবে প্যাপ টেস্টের জন্য প্রস্তুত হতে হয়?

প্যাপ টেস্টের 2 দিন আগে থেকে এগুলি করবেন না:

- যৌন সঙ্গম
- ডুশ দেওয়া
- ট্যাম্পন ব্যবহার
- যে সব গর্ভনিয়ন্ত্রক স্ত্রীযোনিতে প্রয়োগ করা হয় যেমন ফোম, স্ক্রিম বা জেলি
- স্ত্রীযোনিতে কোনোরকম ওষুধ প্রয়োগ

- স্ত্রীযোনি মসৃণ রাখার দ্রব্য
- স্ত্রীযোনির ডিওডারেন্ট স্প্রে বা পাউডার
- সাঁতার কাটা
- টবে স্নান করা

আপনার রক্তস্রাবের সময় প্যাপ টেস্ট করাবেন না। তাতে অস্বাভাবিক কোষের খোঁজ পাওয়া কষ্টসাধ্য হতে পারে। রক্তস্রাব হলে আপনার অ্যাপয়েন্টমেন্ট বদলে নেবেন।

মহিলাদের কতবার প্যাপ টেস্ট করানো প্রয়োজন?

একজন মহিলার কত ঘন ঘন প্যাপ টেস্ট করানো দরকার তা জানার জন্য তার ডাক্তার বা নার্সের সঙ্গে পরামর্শ করা উচিত। কতবার প্যাপ টেস্ট করানো উচিত তা বেশ কয়েকটা কারণের ওপর নির্ভর করে:

- মহিলার বয়স
- আগেকার প্যাপ টেস্ট ফলাফল
- চিকিৎসা ইতিহাস
- হিউম্যান প্যাপিলোমাইভাইরাস (human papillomavirus) (HPV) থাকা
- ধূমপান

মহিলাদের কোন বয়সে পৌঁছে প্যাপ টেস্ট বন্ধ করে দেওয়া উচিত?

10 বছর যাবৎ সব প্যাপ টেস্টের ফলাফল স্বাভাবিক হলে 70 বছর বয়সে পৌঁছে মহিলারা প্যাপ টেস্ট বন্ধ করে দিতে পারেন। তবে 70 বছরের বেশী বয়সী সব মহিলাদের প্রতি বছর শ্রেণী পরীক্ষা বজায় রাখা উচিত।



প্যাপ টেস্ট

যেসব মহিলা হিস্টেরেক্টমি করিয়েছেন তাদের কি করা উচিত?

- যে সব মহিলা আংশিক হিস্টেরেক্টমি করিয়েছেন তাদেরও প্যাপ টেস্ট করানো প্রয়োজন। এই সার্জারিতে গর্ভাশয় বাদ দিয়ে দেওয়া হয় তবে সার্ভিক্স নয়।
- যেসব মহিলা সম্পূর্ণ হিস্টেরেক্টমি করিয়েছেন তারা প্যাপ টেস্ট বন্ধ করে দিতে পারেন। এই সার্জারিতে গর্ভাশয় ও সার্ভিক্স দুই-ই বাদ দেওয়া হয়।
- প্যাপ স্মিয়ার বন্ধ করে দেওয়ার পরও সব মহিলাদের প্রতি বছর শ্রেণী পরীক্ষা করানো উচিত।

এফডিএ অফিস অফ উইমেন্স হেল্থ (FDA Office of Women's Health)
<http://www.fda.gov/womens>

আরো জানার জন্য :

Food and Drug Administration (FDA)
http://www.fda.gov/fdac/features/2004/104_cancer.html

National Cancer Institute (NCI)
Cervical Cancer Home Page
<http://www.cancer.gov/cancerinfo/types/cervical>
ফোন : 1-800-4-CANCER 1-(800-422-6237)
TTY/TDD: 1-800-332-8615